

গণ বিজ্ঞপ্তি

গণ বিজ্ঞপ্তি নং-১৩

তারিখ: /০৪/২০২৪ খ্রিষ্টাব্দ।


বিষয়: কাস্টমস এজেন্টস লাইসেন্সিং বিধিমালা, ২০২০ এর বিধি-১৫ অনুযায়ী কাস্টমস এজেন্টস লাইসেন্স নবায়ন।

সূত্র: ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশন কর্তৃক প্রেরিত আবেদন পত্রের নথি নং-ডিসিএএ/০৩/০৭(৩২১১)/ ২০২৪/৩০২৪/;
তারিখ: ২৮/০৪/২০২৪ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৮ মেয়াদে লাইসেন্সের নবায়ন কার্যক্রম অগ্রাধিকার ভিত্তিতে চলমান রয়েছে এবং সকল লাইসেন্সের নবায়ন কার্যক্রম সম্পন্ন করতে আরো কিছু দিন সময়ের প্রয়োজন হবে। এক্ষেত্রে সময়সীমা বর্ধিত করা না হলে আমদানি রপ্তানি কার্যক্রম বাধার সম্মুখীন হতে পারে। অতএব, বন্দরের আমদানি-রপ্তানি কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য যে সকল সিএন্ডএফ এজেন্ট ২০২৪-২০২৮ মেয়াদের এজেন্ট লাইসেন্স নবায়নের আবেদন দাখিল করেছেন সে সকল এজেন্টগণকে আগামী ৩০/০৫/২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত কার্যক্রমের মেয়াদ বর্ধিত করা হলো।

০৩। উক্ত সময়-সীমার পর আর কোন সময় বর্ধিত করা হবে না।


নিপুণ চাকমা
ডেপুটি কমিশনার

ও
সদস্য সচিব, লাইসেন্সিং কর্তৃপক্ষ
কাস্টম হাউস, ঢাকা।

অতিরিক্ত কমিশনার ও সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষের পক্ষে।

নথি নং- ৫(২০)১৫৬/বিবিধ/লাইসেন্স/পার্ট-২/৯৭/ ৫৩১৬৯৫) তারিখ: /০৪/২০২৪ খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। অতিরিক্ত কমিশনার ও সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ, কাস্টম হাউস, ঢাকা।
- ০২। পরিচালক (নিরাপত্তা), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা।
- ০৩। মহাব্যবস্থাপক (কার্গো), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, কুর্মিটোলা, ঢাকা।
- ০৪। ডেপুটি/সহকারী কমিশনার (সকল)/অপারেশন/প্রিভেন্টিভ/এয়ারফ্রেইট ইউনিট/কুরিয়ার ইউনিট/রপ্তানি ইউনিট, কাস্টম হাউস, ঢাকা।
- ০৫। সহকারী প্রোগ্রামার, কাস্টম হাউস, ঢাকা (আপনাকে উক্ত বিষয়টি সিস্টেমে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৬। পিএ টু কমিশনার, কাস্টম হাউস, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। সভাপতি/সাধারণ সম্পাদক, ঢাকা কাস্টমস এজেন্ট এসোসিয়েশন, কুর্মিটোলা, ঢাকা। ✓
- ০৮। নোটিশ বোর্ড, কাস্টম হাউস, ঢাকা।
- ০৯। অফিস কপি।


০৪/০৪/২০২৪
নিপুণ চাকমা
ডেপুটি কমিশনার

ও
সদস্য সচিব, লাইসেন্সিং কর্তৃপক্ষ